গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৭৪/০৭-৬২২৪৬ তারিখ: ২৪/০৮/২০২৫

## ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সে শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীরা পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৪ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য সর্বোচ্চ ২টি কোর্সে পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে হবে। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৪ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে করবে। সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই নূন্যতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C-Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর মোট ফি এর অতিরিক্ত ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করতে হবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে আবেদন ফরম পূরণ করে Download করতে হবে। Download কৃত ফরমটি প্রিন্ট করে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হল।

(ক) ফরম পূরণের টাকা পরিশোধ ও ফরম পূরণের তারিখ : **২৭/০৮/২০২৫ থেকে ১৮/০৯/২০২৫ খ্রিঃ পর্যন্ত।**

(খ) **পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**

(i) অনার্স রেজিস্ট্রেশন কার্ড ও অনার্স ১ম বর্ষের প্রবেশপত্রের ফটোকপি ১ কপি। (ii) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

(গ) **পরীক্ষার ফি :**

| ক্র. নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণপত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩৫০/- |
| ২ | তত্ত্বীয় (প্রতি অর্ধপত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩৫০/- |
| ৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৫০/- |
| ৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) | ৬০০/- |
| ৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী প্রতি কোর্সে) | ২৫০/- |
| ৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) (প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ৬০০/- |
| ৮ | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীর সর্বমোট ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ৬০০০/- |
| ৯ | C-Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | ১৫০০/- |
| ১০ | ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) | ৫০/- |

- ব্যবহারিক পরীক্ষা ফি প্রথম দিন ১৩০/- টাকা, পরবর্তী দিন ৭৫ টাকা এবং চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি ৭৫/- টাকা করে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট পরীক্ষা পরিচালনার জন্য কলেজে প্রদান করতে হবে।

- **ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নেই।**

২৪/৮/২৫

অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭।